

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩১২১

জিরানীয়া, ২০ মার্চ, ২০২৫

জিরানীয়া মহকুমা শাসক কাৰ্যালয়ে আন্তর্জাতিক নারী দিবস উদযাপন

জিরানীয়া মহকুমা প্রশাসন এবং ইনস্টিটিউশনাল ফিনান্স ডিপার্টমেন্টের উদ্যোগে গতকাল জিরানীয়া মহকুমা শাসকের কাৰ্যালয়ে আন্তর্জাতিক নারী দিবস উদযাপন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন বর্ণা রাণী দাস। এছাড়াও উপস্থিত ছিলেন মহকুমা শাসক শান্তি রঞ্জন চাকমা, মহকুমার বিশিষ্ট মহিলা ক্রীড়াবিদ মিতালী দেবনাথ সহ ইনস্টিটিউশনাল ফিনান্স দপ্তরের বিভিন্ন স্তরের আধিকারিকগণ। জিরানীয়া মহকুমার অন্তর্গত এস এ এস এবং এম পি কে বি ওয়াই এজেন্টগণও এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। কর্মক্ষেত্রে বিশেষ অবদানের জন্য একজন মহিলা এজেন্টকে অনুষ্ঠানে সংবর্ধনা প্রদান করা হয়। অনুষ্ঠানে অতিথিগণ মহিলা কর্মীদের তাঁদের নিজ নিজ কর্মক্ষেত্রে দৃঢ় বিশ্বাসের সঙ্গে কাজ করার জন্য উৎসাহিত করেন। জিরানীয়া মহকুমা প্রশাসন কাৰ্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।
